নবম শ্রেণির বইয়ে নারীদের পোশাক বিক্রির ওয়েবসাইটের ঠিকানা!

বিশেষ প্রতিনিধি

২৫ জুন, ২০২৪
২০:২৮

শেয়ার

অ +

অ -


জীবন ও জীবিকা
নবম শ্রেণি
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ
নিত্যদিন স্টোর
নিত্যদিন স্টোর

উদ্যোক্তা হিসেবে যাত্রা

ধাপ-৬: ব্যবসার ব্র্যান্ডিং, মার্কেটিং বা বিপণন পরিকল্পনা

ব্যবসায় পরিচালনার জন্য ব্যবসার একটি চমৎকার ও আকর্ষণীয় নাম দিতে হবে। ব্যবসায়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ একটি লোগো তৈরি করতে হবে। তবে অন্য নামীদামী প্রতিষ্ঠানের লোগোর কাছাকাছি বা মিল আছে এমন লোগো তৈরি করা অনুচিত, এতে ভোক্তাকে বিভ্রান্ত করে ফায়দা আদায়ের বা ষড়যন্ত্রের অভিযোগ উঠতে পারে। বর্তমানে যেকোনো ব্যবসার জন্য ব্যবসায়িক কার্ড, ওয়েবসাইট, সামাজিক মাধ্যমে প্রোফাইল তৈরি করার জন্য ব্যবসার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ দৃশ্যমান (ভিজ্যুয়াল) পরিচিতি তৈরি করতে হয়। ব্যবসায়ের নাম এবং ভিজ্যুয়াল পরিচিতি যেন আকর্ষণীয় হয়, তা লক্ষ রাখতে হবে। এর পাশাপাশি এটাও লক্ষ রাখতে হবে, পরিচিতিতে অতিরঞ্জিত কিছু যেন না থাকে। কারণ তাতে ক্রেতার প্রত্যাশা বেড়ে যায়। তখন প্রত্যাশা অনুযায়ী প্রাপ্তি না থাকায় তাদের মধ্যে অসন্তুষ্টি তৈরি হওয়ার সম্ভাবনা থাকে।

চিত্র ২.১: বিভিন্ন মাধ্যমে পণ্যের বিজ্ঞাপনের নমুনা

একই সঙ্গে কার্যকরভাবে সম্ভাব্য ক্রেতার কাছে আমাদের পণ্য বা সেবা পরিচিতি করার জন্য বিপণন পরিকল্পনা প্রণয়ন করতে হবে। বিপণন পরিকল্পনা অনুযায়ী সম্ভাব্য ক্রেতার কাছে পণ্য বা সেবাকে পরিচয় করার জন্য সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন মাধ্যম ব্যবহার করতে হবে, যাতে আমাদের পণ্য বা সেবাকে সকলের কাছে সহজেই পৌঁছানো যায়। প্রচারের সময় লক্ষ রাখতে হবে- কম সময়ে কীভাবে যথাযথ তথ্য ভোক্তার দৃষ্টিতে আনা যায়। অতিরিক্ত, অসত্য বা প্রতারণামূলক তথ্য সরবরাহ করে ক্রেতার বিরক্তি উৎপাদন করা যাবে না। এতে প্রচার ও প্রসার না বেড়ে বরং প্রতিষ্ঠান বা পণ্যের প্রতি অনাস্থা তৈরি হবে। তাই এ বিষয়ে সতর্ক থাকতে হবে।

শিক্ষাবর্ষ ২০২৪

৩৮

নতুন শিক্ষাক্রমের নানা ভুলভ্রান্তি ও অসামঞ্জস্যতা নিয়ে এবার নতুন বিতর্ক সৃষ্টি হয়েছে। নবম শ্রেণির জীবন ও জীবিকা বইয়ের একটি অধ্যায়ে দেওয়া কিউআরকোডে নারীদের পোশাক বিক্রির একটি দোকান প্রদর্শন করছে।

পর্তুগীজ একটি দোকানের ছবিতে নারী মডেলরা পোশাক প্রদর্শন করছেন। যা অনেকটাই বিব্রতকর বলে মনে করছেন শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা।

তবে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) বলেছে, পোডাক্টের ডিজিটাল প্রমোশনের অংশ বোঝাতে কিআরকোড দেওয়া হয়েছে। কিন্তু যেই কিউআরকোড দেওয়া হয়েছিলো সেটা ছিলো স্পোর্টস আইটেম বিক্রির দোকান। কিন্তু সম্প্রতি সেটা পরিবর্তন হয়ে গেছে।

আরও পড়ুন

জীবন্ত রাসেলস ভাইপার ধরায় পুরস্কার দিল আওয়ামী লীগ

সূত্র জানায়, নবম শ্রেণির ‘জীবন ও জীবিকা’ বইয়ের ৩৮ নম্বর পাতায় ‘ধাপ-৬: ব্যবসার ব্র্যান্ডিং, মার্কেটিং বা বিপণন পরিকল্পনা’ নামক অধ্যায়ে উদ্যোক্তা হিসেবে যাত্রার জন্য কীভাবে ব্যবসায় শুরু করতে সেটি উল্লেখ করা হয়েছে।

তবে এই পাতার ‘চিত্র ২.১: বিভিন্ন মাধ্যমে পণ্যের বিজ্ঞাপনের নমুনা’র চিত্র তুলে ধরে সেখানে নিত্যদিন স্টোরের একটি ছবি দেওয়া হয়েছে। পাশাপাশি সেখানে ফেসবুক, ইউটিউব, টুইটার, ইনস্টাগ্রাম, গুগল প্লাস, ভাইবার, লিংকডইন এবং পিনটারেস্টের লোগো দেওয়া হয়েছে। এই লোগো এবং নিত্যদিন স্টোরের মাঝখানে একটি কিউআর কোড সংযুক্ত করা হয়েছে যেটা স্ক্যান করলে ট্রাক্স নামক পর্তুগিজ একটি নারীদের পোশাক বিক্রির ওয়েবসাইটে নিয়ে যাচ্ছে। যেখানে নারী মডেলরা পোশাক পরা বিজ্ঞাপন দেখানো হচ্ছে।

নবম শ্রেণির জীবন ও জীবিকা বইটি রচনা ও সম্পাদনা করেছেন মো. মুরশীদ আকতার, মোসাম্মত্ খাদিজা ইয়াসমিন, হাসান তারেক খাঁন, মোহাম্মদ কবীর হোসেন, মো. সিফাতুল ইসলাম, মো. রুহুল আমিন, মো. তৌহিদুর রহমান, মো. মুস্তাফিজুর রহমান, মোহাম্মদ আবুল খায়ের ভূঁঞা।

আরও পড়ুন

স্ত্রী না থাকায় সাকলায়েনের ফাঁকা বাসায় যান পরীমনি, ছিলেন ১৭ ঘণ্টা

জানতে চাইলে এনসিটিবি’র চেয়ারম্যান (রুটিন দায়িত্ব) প্রফেসর মো. মশিউজ্জামান কালের কণ্ঠকে বলেন, ‘ডিজিটালি কিভাবে প্রোমোশন করতে হয় সেটা বোঝাতে কিআরকোডের ছবি যুক্ত করা হয়েছিলো। কিন্তু আমরা যখন ওই কিউআরকোডটি নিয়েছিলাম, সেটা ছিলো তখন স্পোর্টস আইটেম বিশেষ করে জার্সির দোকান। কিন্তু তারা এখন রিসেন্টলি ব্যবসা চেঞ্জ করেছে। এখন আমরা বিব্রতকর পরিস্থিতিতে পড়েছি।

আগামী বছরের বইতে এই কিআরকোড বাদ দেওয়া হবে। আর এ বছরও এটা নিয়ে কি করা যায় সেটা আমরা ভাবছি।’